ইত্তেফাক

তারিখ ১৫/১১/৮১
পৃষ্ঠা ...

373

038

## ভিক্টোরিয়া কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজ ঘোষণার আবেদন

বাংলাদেশের অন্যতম বৃহত্তম সরকারী কলেজ কুমিল্লা সরকারী মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা দীর্ঘ দিন যাবৎ কলেজটিকে বিশ্ববিদ্যালয় কলেজে পরিণত করার দাবী জানাইয়া আসিতেছে। প্রায় ৬ হাজার ছাত্র/ছাত্রীর জন্য এই কলেজে বর্তমানে মাত্র ৬টি বিভাগে অনার্স ক্লাস চালু আছে। ইহা প্রয়োজনের তুলনায় নিতান্তই অপ্রতুল। আর্থিক সমস্যাসহ বিবিধ কারণে স্থানীয় ছাত্র-ছাত্রীদের পক্ষে চট্টগ্রাম বা অন্য কোন বিশ্ববিদ্যালয়ে গিয়া স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়ন করা সম্ভবপর হইয়া উঠে না। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে আমাদের আকুল আবেদন, অনতিবিলম্বে কুমিল্লা ভিক্টোরিয়া মহাবিদ্যালয়কে বিশ্ববিদ্যালয় কলেজে পরিণত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হউক।

—শফিকুল ইসলাম শিকদার, সহ-সভাপতি ও আবিদুর রহমান জাহাঙ্গীর, সাধারণ সম্পাদক, ভিক্টোরিয়া সরকারী মহাবিদ্যালয় ছাত্র সংসদ, কুমিল্লা।